



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৮/০১


তারিখঃ ১৪ জানুয়ারি ২০২১

আদেশ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ এর অধীন তফসিল এ বর্ণিত নির্দেশনা নং ১৪ এর বিধানবলে উক্ত তফসিল এর নির্দেশনা নং ৬(৩) এর বিধান নিম্নোক্তভাবে পরিপালনের জন্য নির্দেশ প্রদান করিল, যাহা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকিবেঃ

- ১। মার্চেন্ট ব্যাংকার (পোর্টফোলিও ম্যানেজার) কর্তৃক প্রদত্ত মার্জিন ঋণ (Margin Loan) এর উপর গ্রাহকের নিকট হইতে সুদ বা মুনাফা আদায়ের ক্ষেত্রে কস্ট অব ফান্ড (Cost of fund) এর সহিত সর্বোচ্চ ৩% (শতকরা তিন ভাগ) স্প্রেড (Spread) আদায় করিতে পারিবে।
- ২। মার্জিন ঋণের সুদ বা মুনাফার (সার্ভিস চার্জ ইত্যাদি সহ, যদি থাকে) বার্ষিক হার কোনভাবেই ১২% (শতকরা বারো ভাগ) এর বেশী হইবে না।
- ৩। এই আদেশ ০১ ফেব্রুয়ারি ২০২১ হইতে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,


১৪.০১.২০২১

মোঃ আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক